



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২০৮.২৩.১৪৩৭

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪৩০

১৩ ডিসেম্বর ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১০২২২/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১০২২২/২০২৩-এর ০৫/০৯/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলাধীন গোবিন্দগঞ্জ-সৈদেরগাঁও ইউনিয়নের অধীন নতুন বাজার ও সুহিতপুর রেলগেট পয়েন্টের বর্জ্য অপসারণ ও বর্জ্য ব্যবস্থাপনার প্রার্থনার্থে রিট পিটিশন নং ১০২২২/২০২৩ দায়ের করা হয়েছে। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়-কে ২নং এবং জেলা প্রশাসক, সুনামগঞ্জ-কে ৩নং প্রতিপক্ষ করা হয়েছে।

২। বিবেচ্য মোকদ্দমায় মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে নিম্নোক্ত রুল প্রদান করেন:
"Subject to the disposal of the Rule, the respondent Nos. 4 to 8 are directed to submit a detailed report to this Court regarding implementation of Bangladesh Solid Waste Management Rules, 2021 framed under the Bangladesh Environment Protection Act, 1995 in connection with dumping waste at Suhitpur Railgate and Nutun Bazar, Gobindagonj-Soydergaon Union, Chhatak, Sunamgonj within 60(sixty) days from the date of receipt a copy of this order."

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১০২২২/২০২৩ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (7943/potrojariAttachmentRef/50946/0/2240)

১৩-১২-২০২৩

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২০৮.২৩.১৪৩৭/১(৫)

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪৩০

১৩ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ



১৩-১২-২০২৩

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)